Asylum Advice

পোস্ট ডিসিশন – পজিটিভ

অধ্যায় 4A: পোষ্ট ডিসিশন পজিটিভ

এই সেকশন ব্যাখ্যা করে অ্যাসাইলাম-এর জন্য আপনার ক্লেইম বিবেচনা করার পর যদি আপনাকে যুক্তরাজ্যে 'লিভ টু রিমেইন (Leave to Remain)' প্রদান করা হলে কী ঘটবে। নিম্নোক্ত তথ্য পরবর্তীতে কী হবে তা ব্যাখ্যা করবে।

4A.1 আপনার অবস্থার ধরন বলতে কী বুঝায়?

তিন ধরনের অবস্থা আছে যা হোম অফিস প্রদান করতে পারে:

1. রিফিউজি স্ট্যাটাস
আপনাকে রিফিউজি হিসাবে গণ্য করার অর্থ হল যে হোম অফিস সিদ্ধান্ত নিয়েছে যে রিফিউজি কনভেনশন অনুযায়ী শরণার্থীর সংজ্ঞা আপনার ক্ষেত্রে প্রযোজ্য এবং মেনে নিয়েছে যে আপনার সুপ্রতিষ্ঠিত ভয় আছে নির্যাতিত হওয়ার যার কারণ নিম্নলিখিত বিষয়সমূহের এক বা একাধিকটি হতে পারে: আপনার জাতি, ধর্ম, জাতীয়তা, নির্দিষ্ট সামাজিক গোষ্ঠীর আপনার সদস্যতা বা আপনার রাজনৈতিক মতামত।

হোম অফিস প্রাথমিক ভাবে আপনাকে লিভ টু রিমেইন প্রদান করবে (এটি ইউকে-তে বসবাসের অধিকার) পাঁচ বছরের জন্য। আপনার বায়োমেট্রিক এবং হোম অফিসের কাগজপত্রাদি নিশ্চিত করবে যে আপনাকে শরণার্থী হিসাবে স্বীকৃত দেয়া হয়েছে।

বর্তমান ইমিগ্রেশন পলিসিতে আছে যে রিফিউজি হিসাবে এবং মানবিক নিরাপত্তার জন্য দেয়া 5 বছর থাকার পর আপনি 'ইনডেফিনিট লিভ টু রিমেইন (Indefinite Leave to Remain)' এর জন্য আবেদন করতে পারবেন (কোন সময়ের শর্ত ছাড়া বসবাসের সুযোগ, যা প্রায়শ সেটেলমেন্ট নামে পরিচিত)।

তবে, আপনি বা আপনার পরিবারের কোন সদস্য যদি ফৌজদারি অপরাধে অপরাধী হন তবে আবেদন প্রত্যাখ্যাত হতে পারে।

2. মানবিক নিরাপত্তা
এর অর্থ হলো হোম অফিস সিদ্ধান্ত নিয়েছে যে আপনি রিফিউজি হিসাবে গণ্য হবার মানদণ্ড পূরণ করতে ব্যর্থ হয়েছেন, কিন্তু স্বীকার করে যে এটা দেখানোর ভিত্তি রয়েছে যে যদি আপনাকে আপনার মাতৃভূমিতে ফিরিয়ে দেয়া হয়, তবে আপনি মারাত্মক ক্ষতিগ্রস্ত হবার একটি বাস্তব ঝুঁকির মুখোমুখি হবেন। এর কারণ হতে পারে:

- মৃত্যুদণ্ড / মৃত্যুদণ্ড কার্যকর
- অবৈধ হত্যা
- অত্যাচার

- অমানবিক এবং লাঞ্ছনাকর আচরণ
- শাস্তি বা আন্তর্জাতিক বা অভ্যন্তরীণ সশস্ত্র সংঘাতের পরিস্থিতিতে বাছবিচারহীন সহিংসতার কারণে জীবনের উপর মারাত্মক এবং স্বতন্ত্র হুমকি।

আপনি যদি মানবিক নিরাপত্তা পান তবে আপনাকে 'লিভ টু রিমেইন' দেয়া হবে (থাকার অধিকার) ইউকে-তে পাঁচ বছরের জন্য। আপনার কাগজপত্র থেকে নিশ্চিত ভাবে জানা যাবে যে আপনাকে মানবিক ভিত্তিতে থাকার অনুমতি দেয়া হয়েছে।

বর্তমান ইমিগ্রেশন পলিসিতে আছে যে মানবিক নিরাপত্তার 5 বছর পরে আপনি 'ইনডেফিনিট লিভ টু রিমেইন' এর জন্য আবেদন করতে পারবেন।

3. ডিস্ক্রেশনারী লিভ টু রিমেইন
যদি হোম অফিস গ্রহণ না করে করে যে আপনি মানবিক সুরক্ষা বা শরণার্থী হওয়ার মানদণ্ড পূরণ করছেন, কিন্তু স্বীকার করে যে আপনাকে অস্থায়ী ভাবে অবস্থান করার সুযোগ দেবার জন্য ব্যতিক্রমী কারণ আছে, তাহলে আপনাকে 'ডিস্ক্রেশনারী লিভ টু রিমেইন (discretionary leave to remain)' (থাকার অধিকার) প্রদান করা হবে।

ডিস্ক্রেশনারী লিভ সাধারণত একবারে সর্বোচ্চ আড়াই বছরের জন্য দেয়া হয় (30 মাস)। আপনি আপনার অবস্থান করা বর্ধিত করার জন্য আবেদন করতে সক্ষম হবেন, এবং দশ বছর পরে 'ইনডেফিনিট লিভ টু রিমেইন' এর জন্য আবেদন করতে পারবেন।

4A.2 যদি আমাকে রিফিউজি হিসাবে অনুমতি না দেয়া হয় তবে আমি কী আপিল করতে পারব?

আপনাকে যদি মানবিক সুরক্ষা বা ডিস্ক্রেশনারী লিভ টু রিমেইন দেয়া হয়, যার মেয়াদ 12 মাস, কিন্তু তারপরেও যদি আপনার দৃঢ় বিশ্বাস থাকে যে রিফিউজি স্ট্যাটাস পাবার জন্য শক্তিশালী গ্রাউন্ড আছে তবে আপনি হোম অফিসের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবেন। ইহাকে আপগ্রেড আপিল বলে; এ বিষয়ে আপনাকে আপনার আইনি প্রতিনিধির সাথে আলোচনা করতে হবে। আপনি যদি এতে সফল হন তবে আপনাকে রিফিউজি স্ট্যাটাস দেয়া হবে।

4A.3 আমার এই দেশে থাকার অনুমতি যখন শেষ হয়ে যাবে তখন কী হবে?

আপনার এদেশে বাস করার অনুমতির সময়ের শেষের দিকে আপনাকে আবার হোম অফিসের কাছে দরখাস্ত জমা করতে হবে। শুধুমাত্র আপনার অনুমতি প্রাপ্ত সময় শেষ হবার 28 দিন পূর্বে আপনি দরখাস্ত জমা করতে পারবেন।

এটা গুরুত্বপূর্ণ যে আপনার বর্তমান অনুমতি শেষ হয়ে যাওয়ার আগেই আপনার দরখাস্ত পৌছুতে হবে। বাস করার বর্তমান অনুমতি শেষ হয়ে যাওয়ার আগে হোম অফিস যদি আপনার আবেদনের ব্যাপারে কোন সিদ্ধান্তে আসতে না পারে তাহলে আপনার পূর্বের ন্যায় একই সুযোগসুবিধা থাকবে। যদি আপনার দরখাস্ত আপনার বাস করার অনুমতি শেষ হবার

পরে হোম অফিসে পৌঁছে তবে ইউকেতে আপনার বাস অবৈধ হয়ে যাবার সম্ভাবনা থাকবে। এতে আপনি আপনার কাজ করার অধিকার, বেনিফিট ক্লেইম করা এবং অন্যান্য সুবিধা যা বসবাসের সংগে সম্পর্কিত সেগুলো হারাবেন। এমন যদি হয়, খুব দ্রুত আপনার আইনি সাহায্য গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে তথ্যাদি হোম অফিসের ইমিগ্রেশন ওয়েবসাইটে পাওয়া যেতে পারে।

আপনাকে যদি 'ডিস্ক্রেশনারী লিভ টু রিমেইন' দেয়া হয় তবে পরবর্তী সময়ের জন্য 'ফারদার লিভ টু রিমেইন/ অবস্থান' (Further leave to remain/stay)-এর জন্য আপনাকে আবারও দরখাস্ত করতে হবে। সরকারি আইন অনুযায়ী আপনার যোগ্যতা অব্যাহত থাকলে আপনাকে পরবর্তী বর্ধিত সময়ের জন্য বসবাসের অনুমতি দেয়া হবে। যতদিন পর্যন্ত এ দেশে বসবাসের মেয়াদ দশ বছর পূর্ণ না হয় ততদিন পর্যন্ত এভাবে চালিয়ে যেতে হবে। আপনার এদেশে পরবর্তীতে বসবাসের সময় বর্ধনের জন্য তথ্য পেতে পারেন হোম অফিস ওয়েবসাইটে: www.gov.uk/browse/visas-immigration

এর পরে আপনি 'ইনডেফিনিট লিভ টু রিমেইন'-এর জন্য দরখাস্ত করতে সমর্থ হবেন। আপনার দরখাস্ত যদি সফল হয় তাহলে আপনার উপর ইউকে-তে বাস করার অধিকারে আর কোন সময় সীমার বাধা থাকবে না।

জরুরী নোট: সময়ের সাথে সাথে ইমিগ্রেশন আইনের যে পরিবর্তন হয় তার উপর নজর রাখা জরুরী। আপনি এটা পর্যালোচনা করতে পারেন হোম অফিসের ওয়েবসাইটে নজর রেখে: www.gov.uk/browse/visas-immigration

4A.4 কী কাগজ পত্র আমাকে দেয়া হবে?

বায়োমেট্রিক কার্ড

আপনি বায়োমেট্রিক রেসিডেন্স পারমিট পাবেন। এই ডকুমেন্টটি এআরসি কার্ড-এর মত। আপনার বায়োমেট্রিক কার্ড ইউকে-তে থাকার, কাজ করার এবং পড়া লেখা করার অধিকারকে প্রমাণ করবে। আপনাকে বায়োমেট্রিক কার্ডটি আইডি কার্ড হিসাবে ব্যবহার করার প্রয়োজন হবে। ইউকে-তে ব্যাংক একাউন্ট খোলার সময় এই কার্ডটি আপনার দেখাবার প্রয়োজন হবে। সব সময় আপনার সাথে এই কার্ড বহন করার প্রয়োজন নাই। কিন্তু যখন আপনাকে ইউকে-তে আপনার অধিকার এবং যোগ্যতা প্রমাণ করতে হয় তখন দেখাতে হবে।

আপনার বায়োমেট্রিক কার্ড আপনার কাছে অথবা আপনার আইনি প্রতিনিধির কাছে নিরাপদ ডাকযোগে পাঠানো হবে। আপনার পরিবারের প্রত্যেক সদস্যের জন্য একটা করে কার্ড পাবেন।

আপনার বায়োমেট্রিক কার্ডে থাকবে আপনার নাম, লিঙ্গ, জন্ম তারিখ/স্থান, আপনার ছবি, ইমিগ্রেশন স্ট্যাটাস, আপনার এদেশে বাস করার অধিকারের শেষ তারিখ, আপনার অধিকারের বিবরণ এবং আপনার দস্তখত থাকবে। আপনার কার্ডের বায়োমেট্রিক চিপ-এ থাকবে আপনার আঙ্গুলের ছাপ এবং মুখের ইমেজ।

জরুরী নোট: আপনার কার্ডের সমস্ত তথ্য সঠিক কিনা তা আপনার চেক করার প্রয়োজন

আছে। কোন ভুল থাকলে আপনি সাথে সাথেই হোম অফিসকে অবশ্যই জানাবেন। কোন ভুল থাকলে কার্ডটি হাতে পাওয়ার 10 কার্য দিবসের মধ্যে অবশ্যই আপনাকে রিপোর্ট করতে হবে। যদি আপনি না করেন, আপনাকে পুনরায় আবেদন করতে এবং রিপ্লেসমেন্ট বায়োমেট্রিক কার্ড-এর জন্য অর্থ দিতে হতে পারে।আপনি ইমেইল পাঠাতে পারেন:
BRPError@homeoffice.gsi.gov.uk

আপনার ইমেইলে নিম্নলিখিত তথ্য অন্তর্ভুক্ত করুন:

- আপনার পাসপোর্ট নম্বর
- আপনার বায়োমেট্রিক রেসিডেন্স পারমিট নম্বর
- আপনার কেস রেফারেন্স নম্বর
- আপনার সাথে যোগাযোগ করার জন্য ফোন নম্বর
- ঠিক কী তথ্য ভুল তার বিবরণ।

যদি আমি আমার বায়োমেট্রিক কার্ড হারিয়ে ফেলি?
যদি আপনার বায়োমেট্রিক কার্ড হারিয়ে যায় বা চুরি হয়ে যায়, তবে যত তাড়াতাড়ি সম্ভব হোম অফিসকে জানাবেন। হোম অফিসকে আপনার বায়োমেট্রিক কার্ড বাতিল করতে হবে। আপনাকে আপনার কার্ড আইনত বাতিল করতে হবে এবং হোম অফিসকে ই-মেইলের মাধ্যমে জানাতে হবে: BRPLost@homeoffice.gsi.gov.uk.

আপনার ই-মেইলে আপনি যা যা অবশ্যই উল্লেখ করবেন:

- আপনার সম্পূর্ণ নাম;
- আপনার জন্ম তারিখ;
- আপনার জাতীয়তা;
- আপনার পাসপোর্ট নম্বর;
- আপনার বায়োমেট্রিক রেসিডেন্স পারমিট রেফারেন্স নম্বর;
- আপনার কেস-এর রেফারেন্স নম্বর;
- আপনার যোগাযোগের ঠিকানা; এবং
- কখন, কোথায় এবং কীভাবে আপনার পারমিট চুরি গেল বা হারাল।

আপনি অবশ্যই পুলিশের কাছেও হারানো বা চুরির জন্য রিপোর্ট করবেন, এবং যত তাড়াতাড়ি সম্ভব একটি পুলিশ রিপোর্ট এবং ক্রাইম রেফারেন্স নম্বর নেবেন। যদি আপনার বায়োমেট্রিক কার্ড চুরি হয়ে যায় তবে পুলিশের কাছে এই অপরাধের ব্যাপারে রিপোর্ট করবেন। যদি কার্ডটি হারিয়ে যায় তবে আপনাকে www.reportmyloss.com ওয়েবসাইটে গিয়ে রিপোর্ট করতে হবে – বেশির ভাগ এলাকায় হারিয়ে যাবার জন্য রিপোর্ট করতে £3.95 খরচ হয়। এটা করার জন্য আপনার একটি ডেবিট/ক্রেডিট কার্ড থাকতে হবে।

আপনাকে বায়োমেট্রিক কার্ডটি রিপ্লেসমেন্টের জন্য আবেদন করতে হবে। এ সম্পর্কে হোম অফিসের ওয়েবসাইটে জানতে পারবেন: www.gov.uk/biometric-residence-permits

ন্যাশনাল ইনস্যুরেন্স নম্বর (এনআইএনও)

প্রকৃত ইন্টারভিউ-এর অংশ হিসাবে আপনার ন্যাশনাল ইনস্যুরেন্স নম্বর (National Insurance Number)-এর জন্যও ইন্টারভিউ নেয়া হয়েছে। আপনার ন্যাশনাল ইনস্যুরেন্স নম্বর একটি রেফারেন্স নম্বর যা আপনার কাছে অনন্য। এটি ইউকে-তে ন্যাশনাল ইনস্যুরেন্স (national insurance) এবং সোশ্যাল সিকিউরিটি সিস্টেম (social security system)-এর অ্যাডমিনিস্ট্রেশন-এর জন্য ব্যবহার করা হয়। আপনার সারাজীবন ধরে এটি একই থাকবে। ন্যাশনাল ইনস্যুরেন্সের অনুদান এবং ট্যাক্স যা আপনি প্রদান করেন তা আপনার নামে লিখা থাকা নিশ্চিত করবে। এটা ডিপার্টমেন্ট অফ ওয়ার্ক অ্যান্ড পেনশন (ডিডাব্লিউপি) (Department for Work and Pensions (DWP)) বা এইচএম রেভিনিউ & কাস্টমস (Revenue & Customs (HMRC))-এর সংগে যোগাযোগের সময় রেফারেন্স নম্বর হিসাবে কাজ করবে। ন্যাশনাল ইনস্যুরেন্স নম্বর সাধারণত 16 বছরের বেশী বয়সী ব্যক্তিদেরকে দেয়া হয়। অ্যাসাইলাম ইন্টারভিউ-এর সময় বয়স্ক ডিপেন্ডেন্টদের এনআইএনও-এর জন্য কোন ইন্টারভিউ নেয়া হয় না। কারণ তারা স্বয়ংক্রিয় ভাবে এনআইএনও পাবেন না। আপনাকে ডিপার্টমেন্ট অফ ওয়ার্ক অ্যান্ড পেনশনের সাথে যোগাযোগ করতে হবে, তারা আপনার ডিপেন্ডেন্টদের জন্য এনআইএনও-এর বন্দোবস্ত করে দিবে।

যদি আপনি কাজ শুরু করতে যান বা সেলফ ইমপ্লয়েড হতে চান তাহলে আপনাকে এনআইএনও-এর জন্য যেখানে আবেদন করতে হবে:

জব সেন্টার প্লাস (Job Centre Plus)
0845 600 0643

আপনি যদি বেনিফিট-এর জন্য আবেদন করতে চান তবে ডিপার্টমেন্ট অফ ওয়ার্ক অ্যান্ড পেনশন (ডিডাব্লিউপি জব সেন্টার) (Department for Work and Pensions (DWP Job centre)) ন্যাশনাল ইনস্যুরেন্সের ফর্ম পূরণ করবে আপনার জব সেন্টারের ইন্টারভিউ-এর সাথে। ফর্মটির নাম 'DCI 1B ফর্ম'। এতে আপনাকে এনআইএনও দেয়ার জন্য অনুরোধ করা হবে।

আপনাকে যদি ন্যাশনাল ইনস্যুরেন্সের নম্বরের ইন্টারভিউ-এর জন্য ডাকা হয়, আপনাকে আপনার পরিচয় এবং ইউকে-তে আপনার যে কাজ করার অধিকার আছে তার প্রমাণ দিতে হবে। আপনার বায়োমেট্রিক রেসিডেন্স কার্ড এটা প্রমাণ করতে সক্ষম। আপনাকে হয়তো অন্যান্য পরিচয়পত্রের কাগজপত্রও নিতে হতে পারে। আপনাকে কী কী তথ্য নিয়ে যেতে হবে তা চিঠির মাধ্যমে আপনাকে জানানো হবে।

4A.5 ইন্টিগ্রেশন ঋণ বিষয়ে বিস্তারিত

আপনি যদি মানবিক নিরাপত্তা বা রিফিউজি স্ট্যাটাস পান তবে আপনি 'ইন্টিগ্রেশন ঋণ (Integration loan)'-এর জন্য আবেদন করতে পারেন। ইন্টিগ্রেশন ঋণ এক ধরনের ঋণ স্কিম প্রাথমিক ইন্টিগ্রেশনের জন্য হোম অফিস যার ব্যবস্থা করে রেখেছে। এই ঋণ এমন

সব সামগ্রী এবং কার্যকলাপের সুবিধার্থে ব্যবহার করা যাবে যা হচ্ছে:

- কারিগরি প্রশিক্ষণ যেখানে জব সেন্টার প্লাস (Job Centre Plus)-এর মাধ্যমে পাওয়ার ব্যবস্থা নাই। আপনি আপনার জব সেন্টার অ্যাডভাইজর-এর সাথে এ ব্যাপারে আলোচনা করবেন।
- বাসার জন্য আমানত;
- ঘরের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র কেনা; বা
- কারবারের জন্য যন্ত্রপাতি কেনা।

আপনার যদি কোন ব্যাংক অ্যাকাউন্ট না থাকে, তবে আপনি সর্বোচ্চ £450.00 পরিমাণের জন্য আবেদন করতে পারবেন। আর তাই আপনার ব্যাংক অ্যাকাউন্ট খোলা জরুরী যদি আপনি আরো বেশী অর্থের জন্য দরখাস্ত করতে চান। ঋণের অর্থ নিয়মিত ভাবে কিস্তিতে ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক অ্যান্ড পেনশনস (ডিডাব্লিউপি)-এর দ্বারা সংগ্রহ করা হবে। এটা সরাসরি আপনার বেনিফিট থেকে অথবা আপনার ব্যাংক অ্যাকাউন্ট থেকে ডাইরেক্ট ডেবিট-এর মাধ্যমে হবে। অধিকাংশ ক্ষেত্রে কাউকে ঋণ প্রদানের ছয় সপ্তাহ পর থেকে পরিশোধ করা শুরু হবে। ঋণ পাবার আগে আপনাকে একটি ঋণের চুক্তিপত্রে দস্তখত করতে হবে। একটি ন্যাশনাল ইনস্যুরেন্স নম্বর ছাড়া আপনি ইন্টিগ্রেশন ঋণের জন্য দরখাস্ত করতে পারবেন না। এটাকে অসম্পূর্ণ মনে করা হবে এবং আপনি যদি কোন নম্বর ছাড়া দরখাস্ত করেন তাহলে সেটাকে প্রত্যাখ্যান করা হবে এবং আপনার কাছে ফেরত পাঠান হবে। আরও অধিক তথ্য পেতে পারেন
www.gov.uk/refugee-integration-loan/overview

4A.6 এনএএসএস 35 (NASS 35)

আপনি যদি হোম অফিস থেকে সাপোর্ট পান তবে আপনি এনএএসএস 35 (NASS 35) ও পাবেন। এটি একটি এ4 (A4) ল্যামিনেটেড (laminated) ডকুমেন্ট, যাতে আপনার ফটো এবং আপনি যে সাহায্য পান তার বিবরণ থাকে। হোম অফিস সাপোর্ট টিম এটা আপনার কাছে পাঠাবে। এটা নিশ্চিত করবে যে আপনি সাহায্য পাচ্ছেন এবং আরো নিশ্চিত করবে যে আপনার সাহায্য কবে বন্ধ হবে। আপনাকে অথবা আপনার আইনি প্রতিনিধিকে আপনার সিদ্ধান্তের ব্যাপারে জানানোর 28 দিন পর হোম অফিস থেকে প্রদান করা সমস্ত সাহায্য বন্ধ করে দেয়া হবে।এনএএসএস 35-এর আবেদন করার জন্য যদি আপনার সহায়তার প্রয়োজন হয় তাহলে অ্যাসাইলাম হেল্প-এর সাথে 0808 8000 626 নম্বরে যোগাযোগ করুন।

4A.7 আমি কীভাবে আমার ও পরিবারের খরচ বহন করব?

আপনার স্ট্যাটাসের ব্যাপারে জানানোর 28 দিন পর থেকে আপনাকে সাহায্য করার কোন দায়িত্ব হোম অফিসের থাকবে না। আপনি হোম অফিস এবং আপনার বাসস্থান বন্দোবস্তকারি (যদি আপনি হোম অফিসের সাপোর্ট পান) উভয়ের কাছ থেকে একটা চিঠি পাবেন। তারা এই চিঠিতে নিশ্চিত করে বলবেন কোন তারিখে আপনার সাহায্য বন্ধ হবে এবং কোন তারিখে আপনাকে বাসস্থান ছেড়ে যেতে হবে। ঐ তারিখের মধ্যে আপনাকে আপনার বাসস্থান ছেড়ে যেতে হবে এবং সমস্ত জিনিস পত্র সরিয়ে নিতে হবে।

4A.8 বাসস্থান: ইংল্যান্ড এবং ওয়েলস

বাসস্থানের জন্য অগ্রাধিকার প্রয়োজন (জরুরী / অস্থায়ী হাউজিং)
আপনি আপনার লোকাল কাউন্সিল' হাউজিং ডিপার্টমেন্টকে সাহায্যের জন্য বলতে পারেন যদি আপনি গৃহহীন হন। আপনি যে কাউন্সিলের অধীনে বাস করছিলেন তারা আপনাকে পরামর্শ এবং সহায়তা দিতে আইনত: বাধ্য। এটা আপনার ব্যক্তিগত পরিস্থিতির উপর নির্ভর করে, তাদের হয়তো আপনাকে বাসস্থানের বন্দোবস্ত করে দিতে হতে পারে।

আপনি যদি মনে করেন আপনার অগ্রাধিকার আছে (এটা হতে পারে; হয়তোবা আপনার পরিবারের শিশুরা, কেউ গুরুতর অসুস্থ হতে পারে, মানসিক-শারীরিক ভাবে, পারিবারিক সহিংসতার শিকার হবার ঝুঁকিতে রয়েছে), হাউজিং অফিসকে হয়তোবা আপনাকে বাসস্থানের বন্দোবস্ত করে দিতে হতে পারে। আপনাকে একটি গৃহহীনতার আবেদন জমা দিতে হবে। কাউন্সিল সেটা মূল্যায়ন করে দেখবে যে আপনার বাসস্থানের ব্যবস্থা করে দেয়া তাদের দায়িত্বের মধ্যে পড়ে কিনা। তারা মূল্যায়ন করে দেখবে আপনি গৃহহীন কিনা, সত্যিকারের অগ্রাধিকারের প্রয়োজনীয়তা আছে কিনা, স্বেচ্ছায় গৃহহীন হয়েছেন কিনা এবং/অথবা স্থানীয় কোন যোগাযোগ আছে কিনা।

যদি কাউন্সিল মূল্যায়ন করে যে আপনার 'অগ্রাধিকারের প্রয়োজনীয়তা (priority need)' আছে তাহলে তারা জরুরী অথবা অস্থায়ী হাউজিং-এর বন্দোবস্ত করবে। জরুরী বাসস্থান সম্ভবত: বেড অ্যান্ড ব্রেকফাস্ট (B&B) বা হোস্টেল হবে। আইন অনুযায়ী কাউন্সিল অবশ্যই কোন পরিবার এবং অন্তঃসত্বা মহিলাকে বেড অ্যান্ড ব্রেকফাস্টে 6 সপ্তাহের বেশী রাখতে পারবে না। আপনি পরামর্শ নিতে পারেন:

শেল্টার (Shelter) – তারা আপনাকে বাসস্থানের অধিকার সম্বন্ধে নিরপেক্ষ পরামর্শ দিতে পারে এবং তাদের সাথে যোগাযোগ করতে পারেন: 0800 800 4444
আপনি আপনার এলাকাতেও বাসস্থানের জন্য নিরপেক্ষ পরামর্শ কেন্দ্র পাবেন।

যদি কাউন্সিল আপনাকে গৃহহীন হিসাবে স্বীকার করে নেয় এবং আপনাকে বাসস্থানের বন্দোবস্ত করে দেয়া তাদের একটা কর্তব্য আছে মনে করে। তারা আপনাকে প্রদান করতে পারে:

1) কাউন্সিল হাউজিং

2) হাউজিং এ্যাসোসিয়েশন হাউজিং

3) দীর্ঘকালীন নিরাপদ প্রাইভেট ভাড়াটে বাসস্থান।

কাউন্সিল উপরোক্ত যে কোন এক ধরনের বাসস্থান প্রদান করতে পারে। একটি উপযুক্ত প্রস্তাবনা প্রদান করার পরে তাদের কর্তব্য শেষ হয়ে যাবে।

আপনার যদি মনে হয় বাসস্থানটি উপযুক্ত নয়, তাহলে এটা গুরুত্বপূর্ণ যে প্রস্তাবনাটি প্রত্যাখ্যান করার আগে আপনি একজন নিরপেক্ষ উপদেষ্টার পরামর্শ নেবেন। আপনি যদি তাদের দেয়া বাসস্থান প্রত্যাখ্যান করেন এবং মনে করা হয় যে আপনার প্রয়োজনের জন্য

এটি উপযুক্ত তাহলে কাউন্সিল তাদের দায়িত্ব আপনার জন্য শেষ করে দেবার অধিকার রাখে। আপনি যদি 'নিজেকে ইচ্ছাকৃতভাবে গৃহহীন তৈরি করেছেন' বলে তারা মনে করে তবে আপনার জরুরী হাউজিং নাকচ করে দিতে পারে।

শেল্টার আপনাকে হাউজিং-এর বিষয়ে নিরপেক্ষ পরামর্শ দিতে পারে এবং এই ব্যাপারে যোগাযোগ করুন: 0800 800 4444

আপনি আপনার এলাকাতেও বাসস্থানের জন্য নিরপেক্ষ পরামর্শ কেন্দ্র পাবেন।

প্রাইভেট বাসস্থান
যদি মনে করা হয় যে আপনার অগ্রাধিকারের প্রয়োজন নাই তাহলে আপনাকে প্রাইভেট ভাড়াটিয়া বাসস্থান খুঁজতে হবে।

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার অগ্রাধিকার পাওয়ার উপযুক্ত এবং কাউন্সিল আপনাকে গ্রহণ করে নাই সেক্ষেত্রে আপনি হয়তো আপিল করতে পারেন। এমতাবস্থায় আপনাকে স্বতন্ত্র লিগ্যাল অ্যাডভাইস নিতে হবে।

যদি আপনাকে নিরাপদ বাসস্থান খুঁজে পেতে হয় তবে বেশিরভাগ বাড়িওয়ালা আমানত চাইবে এবং পুরো মাসের ভাড়া দিতে হবে। স্থানীয় হাউজিং এজেন্সি ঐ এলাকায় কোন সাহায্য বা সহায়তা পাওয়া যাবে কিনা সে বিষয়ে আপনাকে জানাতে পারবে। উদাহরণস্বরূপ সেখানে হয়তোবা কোন স্থানীয় বন্ড বা ভাড়ার জন্য আমানত স্কিম আছে। আপনি এই বিষয়ে সাহায্যের জন্য একটি ইন্টিগ্রেশন ঋণের জন্য আবেদন করতে পারেন।

স্ট্রিট হোমলেস
আপনি যদি রাস্তার গৃহহীন হয়ে যান সেক্ষেত্রে আপনার এলাকায় বিভিন্ন সংস্থা খুঁজে পাবেন যারা আপনাকে সাহায্য করতে সক্ষম হবে।

আপনার স্থানীয় কাউন্সিল আপনাকে স্থানীয় সংস্থাসমূহ এবং/বা নাইট শেল্টারগুলোর খোঁজ দিতে সক্ষম হবে যারা আপনাকে সাহায্য করতে পারবে। এটা শোবার জন্য একটি নিরাপদ জায়গা, ঘুমানোর ব্যাগ বা গরম খাবার হতে পারে।

আপনি শেল্টার এর সাথেও যোগাযোগ করতে পারেন তারা সব ধরনের হাউজিং-এর বিষয়ে নিরপেক্ষ পরামর্শ দিতে পারে এবং এদের সাথে যোগাযোগ করা যেতে পারে: 0800 800 4444

আপনি সাহায্য নিতে পারেন:
ডে সার্ভিসেস (Day Services) - তারা আপনাকে খাদ্য, কাপড়-চোপড় ও গোসলের বন্দোবস্ত করতে পারে। তাদের আপনাকে নিরপেক্ষ পরামর্শ দিতে পারার কথা।

ইমার্জেন্সী হোস্টেলস অ্যান্ড নাইট শেল্টারস (Emergency Hostels and Night Shelters) - আপনি দু'এক রাতের জন্য থাকার বন্দোবস্ত পেতে পারেন, যদি রাস্তা ছাড়া আপনার কোন বাসস্থান না থাকে।

আপনি আরো যোগাযোগ করতে পারেন **স্ট্রিটলিংক** (Streetlink)-এর সাথে 0300 500 0914 নম্বরে যারা আপনাকে পরামর্শ দিতে পারবে।

4A.9 বাসস্থান: স্কটল্যান্ড

আপনি আপনার স্থানীয় কাউন্সিল-এর হাউজিং ডিপার্টমেন্ট-এর সাহায্য চাইতে পারেন আপনার যদি অন্য কোথাও থাকার জায়গা না থাকে। আপনি যে কাউন্সিলের অধীনে বাস করছিলেন তারা আপনাকে পরামর্শ এবং সহায়তা দিতে আইনত বাধ্য। আপনি যদি গৃহহীন হিসাবে আবেদন করেন তবে আপনাকে জরুরী সাহায্য দেয়া হবে, যে সময়টাতে হাউজিং ডিপার্টমেন্ট আপনার যোগ্যতা পরীক্ষা করে দেখবে। যদি কাউন্সিলের ঐ এলাকায় বাসস্থান না থাকে তারা এলাকার বাহিরে আপনাকে বাসস্থান প্রদান করতে পারে।

যদি তারা মনে করে যে তাদের আপনাকে দীর্ঘস্থায়ী সাপোর্ট দেবার দায়িত্ব রয়েছে, তবে তারা আপনাকে স্থায়ী বাসস্থান প্রদান করবেন। আপনাকে স্থায়ী বাসস্থান প্রদান না করা পর্যন্ত আপনি অস্থায়ী বাসস্থানে থাকতে পারবেন।

তাদের যদি আপনাকে দীর্ঘ সময়ের জন্য সহায়তা প্রদান করার কর্তব্য না থাকে তাহলে আপনি ইমারজেন্সী বাসস্থানে বাস করতে থাকবেন আর সেই সময়ে আপনি আপনার বাস করার জন্য স্থায়ী বাসস্থান নিজে খুঁজবেন। যদি কাউন্সিল আপনাকে ইমার্জেন্সী বাসস্থান না দেয় তাহলে সহায়তার জন্য আপনাকে হাউজিং অ্যাডভাইস এজেন্সির সাথে যোগাযোগ করতে হবে।

ইমার্জেন্সী বাসস্থান বিকল্প যদি আপনি গৃহহীন হন:

- হোস্টেল, নাইট-শেল্টার এবং শীতকালীন শেল্টার
- ঘরোয়া কলহ এবং মহিলা শরণার্থী আবাস
- বেড অ্যান্ড ব্রেক ফাস্ট হোটেল

স্থানীয় কাউন্সিল আপনাকে এ বিষয়ে আরও তথ্য দিতে পারবে। আপনি স্থানীয় হাউজিং এজেন্সিরও সাহায্য নিতে পারেন। আপনি হাউজিং বেনিফিটের জন্য আবেদন করতে পারবেন আপনাকে এই খরচের জন্য সাহায্য করার জন্য। কিছু কিছু বাসস্থানের ভাড়া ব্যয়বহুল হতে পারে এবং এই ভাড়া পরিশোধ করার জন্য আপনাকে হাউজিং বেনিফিটের উপরেও অতিরিক্ত ভাড়া নিজেকে বহন করতে হবে।

গুরুত্বপূর্ণ নোট: দি লোকাল হাউজিং ডিপার্টমেন্ট বা হাউজিং অ্যাডভাইস সেন্টার-এর বলতে পারবে আপনার এলাকায় কোন নাইট শেল্টার বা হোস্টেল আছে কিনা।

হাউজিং এর ব্যাপারে আরো তথ্যের জন্য, দয়া করে শেল্টারের সাথে 0800 800 4444 নম্বরে যোগাযোগ করুন। তারা আপনাকে নিরপেক্ষ পরামর্শ এবং উপযুক্ত সার্ভিসেসর খবর দিতে পারবে।

4A.10 বাসস্থান: নর্দার্ন আয়ারল্যান্ড

আপনি যদি গৃহহীন হন দ্যা নর্দার্ন আয়ারল্যান্ড হাউজিং এক্সিকিউটিভের (Northern Ireland Housing Executive) একটি দায়িত্ব আছে আপনাকে সাহায্য করার এবং পরামর্শ দেবার জন্য। আপনার ব্যক্তিগত পরিস্থিতির উপর নির্ভর করে, তারা আপনাকে আপনার জন্য বাসস্থানের ব্যবস্থা করতে পারে।

আপনাকে একটি গৃহহীনের দরখাস্ত করতে হবে। এনআইএইচই (NIHE) মূল্যায়ন করে দেখবে আপনাকে বাসস্থান দেয়াটা তাদের কর্তব্যের মধ্যে পড়ে কিনা। তারা পরীক্ষা করে দেখবে আপনি হোমলেস কিনা, আপনার অগ্রাধিকার প্রয়োজন আছে কিনা, ইচ্ছাকৃত ভাবে আপনি গৃহহীন হয়েছেন কিনা এবং/অথবা স্থানীয় কোন যোগাযোগ আছে কিনা। আপনাকে তারা অস্থায়ী বাসস্থান দিতে পারে আর সেই সময়টাতে তারা আপনার পরিস্থিতি তদন্ত করে দেখবে।

তারা যদি মনে করে আপনার অগ্রাধিকার প্রয়োজন আছে (এটা হতে পারে; হয়তোবা আপনার পরিবারের শিশুরা, কেউ গুরুতর অসুস্থ হতে পারে, মানসিক-শারীরিক ভাবে, পারিবারিক সহিংসতার শিকার হবার ঝুঁকিতে রয়েছে), এবং অন্যান্য মানদণ্ডের সাথে মিল থাকলে এনআইএইচই অবশ্যই আপনার বসবাসের জন্য উপযুক্ত বাসস্থানের বন্দোবস্ত করে দিতে বাধ্য। এই বাসস্থানটি কম পক্ষে দুই বছরের জন্য স্থায়ী হতে হবে। তারা আপনাকে স্থায়ী বাসস্থান দিতে বাধ্য নয়।

আরও তথ্যের জন্য এনআইএইচই-কে 03448 920 920 নম্বরে কল করুন।

4A.11 হাউজিং বেনিফিট, লোকাল হাউজিং অ্যালাউয়েন্স ও কাউন্সিল ট্যাক্স বেনিফিট

আপনার যদি নিম্ন আয় থাকে অথবা আপনি বেনিফিট ক্লেইম করেন তাহলে আপনি হাউজিং বেনিফিট অথবা লোকাল হাউজিং অ্যালাউয়েন্স পেতে পারেন যা আপনাকে আপনার আংশিক অথবা সম্পূর্ণ ঘরের ভাড়া দিতে সাহায্য করবে। আপনাকে এর জন্য কাউন্সিলের কাছে আবেদন করতে হবে। আপনি কাউন্সিল ট্যাক্সের ক্ষেত্রে সাহায্যের জন্যও আবেদন করতে পারেন। প্রায়শই হাউজিং বেনিফিট/হাউজিং সাপোর্ট অ্যালাউয়েন্স একই ফর্মে থাকে।

4A.12 ওয়েলফেয়ার বেনিফিট

সরকার ধীরে ধীরে ইউনিভার্সাল ক্রেডিট (Universal Credit) নামে একটি নতুন একক পেমেন্ট প্রবর্তন করছে সেই সব লোকদের জন্য যারা হয় কাজ খুঁজছেন অথবা কম আয় করেন। একটি একক পেমেন্টের মধ্যে জবসিকার অ্যালাউয়েন্স এবং হাউজিং বেনিফিট সহ এটা একসঙ্গে অনেক ধরনের বেনিফিট নিয়ে আসে।

ইউনিভার্সাল ক্রেডিট

ইউনিভার্সাল ক্রেডিট পর্যায়ক্রমে চালু করা হচ্ছে। আপনি যে এলাকায় বসবাস করেন সেখানে ইউনিভার্সাল ক্রেডিট ক্লেইম করা যায় কিনা তা জানতে খুঁজে দেখুন: www.gov.uk/universal-credit

আপনি অনলাইনে ইউনিভার্সাল ক্রেডিট ক্লেইম করতে পারেন www.gov.uk/universal-credit

আপনার কোন প্রশ্ন থাকলে আপনি ইউনিভার্সাল ক্রেডিট হেল্পলাইনের সাথে যোগাযোগ করতে পারেন: 0345 600 0723 (কল চার্জ প্রযোজ্য)। যদি আপনি ইউনিভার্সাল ক্রেডিট-কে ক্লেইম করতে না পারেন, যদি যোগ্য হন, তবে আপনি নিম্নের তালিকাভুক্ত বেনিফিটগুলো ক্লেইম করতে পারেন।

জব সিকারস অ্যালাউয়েন্স (জেএসএ)
যারা বর্তমান সময়ে চাকুরী খুঁজছেন; অথবা প্রতি সপ্তাহে গড়ে 16 ঘন্টার কম কাজ করেন তাদের জন্য এই বেনিফিট।

আপনাকে একটি জব সিকার এগ্রিমেন্ট বা নিউ ক্লেইম্যান্ট কমিটমেন্ট ফর্ম পূরণ করতে হবে। এটা ঠিক করে দেয় আপনাকে কাজ খুঁজতে অবশ্যই কী কী করতে হবে। এটা আপনাকে দেয়া ভাতার বিনিময়ে কাজ পাবার জন্য যাবতীয় সব কিছু করার জন্য আপনার দায়িত্বকে বিবৃত করে। আপনি কাজ খুঁজবার জন্য যা কিছু করেছেন তা রেকর্ড করে রাখবেন জব সিকার ভাতা (জেএসএ) পাবার জন্য। আপনি জব সেন্টারকে দেয়া কথা না রাখলে তারা আপনার বেনিফিট স্থগিত বা বন্ধ করতে পারে।

আপনি জব সেন্টারের ট্রেনিং কোর্সগুলো করতে পারবেন। এতে ইংলিশ ক্লাস (ইএসওএল (ESOL)) অন্তর্ভুক্ত হতে পারে। আপনি এ বিষয়ে জব সেন্টারের সাথে আলোচনা করতে পারেন।

ইনকাম সাপোর্ট
ইনকাম সাপোর্ট এমন এক ধরনের বেনিফিট যা এমন ব্যক্তি বা দলকে দেয়া হয় যাদের উপার্জন কম বা জীবন ধারণের জন্য যথেষ্ট অর্থ নাই। এটি আপনার আয়ব্যয়-পরীক্ষিত, এর মানে আপনার কতো অর্থ আছে তা দেখে আপনার ইনকাম সাপোর্ট কতো হবে তা নির্ধারণ করা হয়।

ইংল্যান্ড, স্কটল্যান্ড এবং ওয়েলস
ইনকাম সাপোর্ট পাবার জন্য যোগ্য হতে আপনার নিম্নোক্ত সমস্ত অবস্থা থাকতে হবে:

- বয়স 16 থেকে পেনশন ক্রেডিট পাবার বয়সের মধ্যবর্তী
- সন্তান সম্ভবা বা একজন কেয়ারার অথবা একা মা/বাবা শিশু সহ যার বয়স 5 বছরের নিচে, বা কোন কোন ক্ষেত্রে আপনি যদি অসুস্থতার বা অক্ষমতার কারণে কাজ করতে অপারগ হন।
- কোন উপার্জন না থাকলে বা কম উপার্জন থাকলে
- আপনি যদি সপ্তাহে 16 ঘন্টার কম সময় কাজ করেন (আপনার সঙ্গী 24 ঘন্টার কম সময় কাজ করেন)

নর্দার্ন আয়ারল্যান্ড
ইনকাম সাপোর্ট পাবার জন্য যোগ্য হতে নর্দার্ন আয়ারল্যান্ডে আপনার নিম্নোক্ত সমস্ত অবস্থা

থাকতে হবে:

- বয়স 16 থেকে পেনশন ক্রেডিট পাবার বয়সের মধ্যবর্তী
- কম উপার্জন থাকতে হবে
- সপ্তাহে 16 ঘন্টার কম সময় কাজ করেন, তবে আপনার উপার্জনের উপর নির্ভর করবে
- ফুল টাইম পড়াশোনা করছেন না (এতে কিছু ক্ষেত্রে ভিন্নতা আছে)
- জব সিকার বা এমপ্লয়মেন্ট অ্যান্ড সাপোর্ট অ্যালাউয়েন্স পান না
- যদি £16,000 এর বেশি সঞ্চয় না থাকে
- বসবাস করেন নর্দার্ন আয়ারল্যান্ডে

অথবা

- একজন একাকী মা/বাবা
- মাতৃত্ব বা পিতৃত্বের ছুটিতে আছেন
- একজন কেয়ারার
- আপনি একজন রিফিউজি যিনি এক বছরের কম সময় আগে এসেছেন এবং ইংরেজি শিখছেন।

এমপ্লয়মেন্ট অ্যান্ড সাপোর্ট অ্যালাউয়েন্স (ইএসএ)
এই প্রদেয় ভাতা ঐসব মানুষের জন্য যাদের কোন ধরনের অসুখ বা অক্ষমতা আছে যার কারণে কাজ করতে পারেন না, অথবা শুধুমাত্র বিশেষ ধরনের কাজ করাতে সীমাবদ্ধ। যখন আপনি এই অ্যালাউয়েন্স পাচ্ছেন, তখন জব সেন্টার আপনাকে বিশেষ ভাবে প্রশিক্ষিত ব্যক্তিগত উপদেষ্টা দেবে। তারা আপনাকে একটি বিস্তৃত পরিসরের অন্যান্য সার্ভিসের প্রস্তাব করবেন যা আপনাকে আপনার জন্য সুবিধাজনক কাজে স্থানান্তর করার জন্য ডিজাইন করা হয়েছে।

জব সেন্টারের হয়তো আপনার একটি প্রশ্নপত্র পূরণ করার বা ‘ওয়ার্ক ক্যাপাবিলিটি অ্যাসেসমেন্ট’ করার প্রয়োজনীয়তা রয়েছে। তারা আরও মূল্যায়ন করে দেখবেন আপনি কাজ খোঁজার জন্য পদক্ষেপ নিতে পারেন কিনা, অথবা আপনার অসুস্থতা বা অক্ষমতা কাজ করার জন্য খুব বেশি ক্ষতিকর সাব্যস্ত হলে এই ধাপগুলি ব্যবহার করা যুক্তিসম্মত হবে না।

আপনাকে একজন ডাক্তার বা নার্সের সংগে দেখা করতে ডাকা হবে তারা একটি মূল্যায়ন সম্পন্ন করবেন এবং এটা ডিডাব্লিউপি-তে ফেরত পাঠাবেন। এটি আপনার অসুস্থতা বা অক্ষমতা কতটা বিভিন্ন ধরনের কাজ করতে বাধার সৃষ্টি করে, এবং আপনি এমপ্লয়মেন্ট অ্যান্ড সাপোর্ট অ্যালাউয়েন্স পাবার যোগ্য কিনা তা নির্ধারণ করবে।

দুই ধরনের ইএসএ আছে

ওয়ার্ক রিলেটেড অ্যাক্টিভিটি গ্রুপ (Work-Related Activity Group) - এটা হচ্ছে এই যে ডিডাব্লিউপি মনে করে আপনি হয়তো ভবিষ্যতে কাজ করতে সক্ষম হবেন। জব সেন্টার আশা করে যে আপনারা যে কোন ওয়ার্ক- ফোকাস্ড ইন্টারভিউ-এ অংশ নেবেন যেগুলোতে তারা আপনাকে আমন্ত্রণ জানিয়েছে এবং আপনার ওয়ার্ক- রিলেটেড অ্যাক্টিভিটি-তেও অংশগ্রহণ করতে হতে পারে আর তা নাহলে তারা বেনিফিট কমিয়ে দিতে পারে।

সাপোর্ট গ্রুপ (Support Group) - এর অর্থ হচ্ছে ডিডাব্লিউপি সিদ্ধান্ত নিয়েছে যে আপনার শারীরিক অবস্থা আপনার কাজ করার ক্ষমতাকে সীমিত করেছে। ওয়ার্ক ফোকাস ইন্টারভিউ এবং ওয়ার্ক রিলেটেড অ্যাক্টিভিটি গ্রুপে আপনি চাইলে অংশ গ্রহণ করতে পারবেন।

চাইল্ড বেনিফিট

আপনি চাইল্ড বেনিফিট পেতে পারেন যদি আপনার সন্তানের বয়স:

- 16 বছরের নিচে হয়
- 16 বছরের বেশি তবে 20 বছরের কম হয় এবং পড়াশুনা বা ট্রেনিং-এ থাকে যাতে চাইল্ড বেনিফিট সাহায্য করতে পারে।
- 18 বছরের কম এবং সম্প্রতি পড়াশুনা বা ট্রেনিং শেষ করেছে- তারা অবশ্যই কাজ, পড়াশুনা বা কেরিয়ার সার্ভিস Connexions, স্থানীয় কর্তৃপক্ষ সাপোর্টেড সার্ভিস, মিনিস্ট্রি অফ ডিফেন্স অথবা অনুরূপগুলোতে ট্রেনিং-এর জন্য রেজিস্টার করেছে।

আপনি যদি চাইল্ড বেনিফিট (Child Benefit) সম্পর্কে আরও জানতে চান কল করুন: 0300 200 3103

চাইল্ড ট্যাক্স ক্রেডিট

চাইল্ড ট্যাক্স ক্রেডিট তাদেরকে দেয়া হয় যাদের উপার্জন কম এবং ওয়েল ফেয়ার বেনিফিট পান। যেমন :

- বয়স 16 এর নিচে - তারা 16তম জন্ম বার্ষিকীর পর থেকে 31শে অগাস্ট পর্যন্ত পেতে পারেন
- বয়স 20 এর নিচে - তারা আবেদন করতে পারেন যদি তাদের অনুমোদিত কোন পড়াশুনা বা ট্রেনিং-এ থাকে।

একজন সন্তানের জন্য দায়িত্ব

আপনি সাধারণত একজন সন্তানের দায়িত্বে থাকবেন যদি তারা:

- সর্বদা আপনার সাথেই বসবাস করে;
- সাধারণত আপনার সাথেই থাকে এবং আপনি তার প্রধান কেয়ারার হন;
- ইউরোপে বসবাস করে কিন্তু আর্থিক ভাবে আপনার উপরে নির্ভরশীল

যদি আপনার শিশু ডিজেবল হয়
আপনি অতিরিক্ত চাইল্ড ট্যাক্স ক্রেডিট পেতে পারেন যদি:

- ডিজেবিলিটির কারণে অতিরিক্ত বেনিফিট পেয়ে থাকে
- যদি অন্ধ হিসাবে নিবন্ধিত হয় (অথবা যদি আপনার ট্যাক্স ক্রেডিট ক্লেইমের 28 সপ্তাহর মধ্যে হয়)।

আপনি জব সেন্টারে যোগাযোগ করতে পারেন:
ফোন: 0800 055 6688/টেক্সট ফোন: 0800 023 4888

এই কলগুলি ল্যান্ড লাইন হতে ফ্রি কিন্তু মোবাইল ফোন ব্যবহার করলে চার্জ হতে পারে। জব সেন্টার অফিসে ফ্রি ফোন আছে যা আপনি ব্যবহার করতে পারেন। আপনি অন-লাইনে আবেদন পূরণ করতে পারেন।

চাইল্ড ট্যাক্স বেনিফিট-এর তথ্য পেতে ফোন করুন: 0345 300 3900 বধির বা শ্রবণ বা বাক প্রতিবন্ধীদের জন্য: 0345 300 3909

পেনশন ক্রেডিট
পেনশন ক্রেডিট পাবার যোগ্যতা:

- আপনাকে অবশ্যই ইউনাইটেড কিংডমে থাকতে হবে; এবং
- আপনি কিংবা আপনার সঙ্গীকে অবশ্যই পেনশন ক্রেডিট পাবার জন্য সঠিক বয়সী হতে হবে।

পেনশন ক্রেডিট পাবার জন্য সঠিক বয়স ধীরে ধীরে 66 বছর পর্যন্ত বেড়েছে, স্টেট পেনশন পাবার বয়স মহিলাদের 65 বছর পর্যন্ত এবং পরবর্তীতে পুরুষদের জন্য 66 বছর বয়স পর্যন্ত।

পেনশন ক্রেডিট ক্লেইম লাইন:
টেলিফোন: 0800 99 1234
টেক্সটফোন: 0800 169 0133
সোমবার থেকে শুক্রবার সকাল 8.00টা থেকে সন্ধ্যা 6.00টা পর্যন্ত

4A.13 অন্যান্য বেনিফিট

আপনি হয়ত অন্যান্য বেনিফিটের জন্য আবেদন করতে পারেন, যদি আপনি অসুস্থ হন, যদি আপনার ঘরে কোন ডিজেবল ব্যক্তি থাকেন, আপনি কারো দেখাশুনা করেন অথবা কেউ আপনাকে দেখাশুনা করেন, বা আপনি বার্ধক্যে পৌঁছেছেন।

আপনি জব সেন্টারের সাথে যোগাযোগ করতে পারেন তারা আপনাকে উপদেশ দিতে পারবে বা আপনি লোকাল বেনিফিট স্পেশালিষ্টদের কাছ থেকে স্বাধীন ভাবে উপদেশ নিতে পারেন। আপনার স্থানীয় সিটিজেন অ্যাডভাইস ব্যুরো (Citizen Advice Bureau)-ও আপনাকে

সাহায্য করতে সক্ষম, আরো দেখুন: www.adviceguide.org.uk

4A.14 ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট

আপনি যদি কাজ করেন এবং আপনার উপার্জন সীমিত হয়, তবে আপনি ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট-এর জন্য আবেদন করতে পারেন। যোগ্যতা অর্জনের জন্য আপনাকে নির্দিষ্ট কিছু ঘণ্টা প্রতি সপ্তাহে কাজ করতে হবে।

বয়স	**সপ্তাহে কত ঘণ্টা কাজ করেন**
25 থেকে 59	কমপক্ষে 30 ঘণ্টা
60 বা বেশি	কমপক্ষে 16 ঘণ্টা
ডিজেবল	কমপক্ষে 16 ঘণ্টা
1 বা একাধিক সন্তানের সঙ্গে একাকী বাবা/মা হন	কমপক্ষে 16 ঘণ্টা
1 বা একাধিক সন্তানের সঙ্গে দম্পতি হন	সাধারণত কমপক্ষে 24 ঘণ্টা* কাজ করেন (সাথে আপনাদের 1 জন 16 ঘণ্টা কাজ করেন)

আবেদন করতে বা এই সম্পর্কে আরও তথ্য জানতে যোগাযোগ করুন:
ট্যাক্স ক্রেডিট হেল্পলাইন (Tax Credit Helpline)
টেলিফোন: 0345 300 3900
টেক্সটফোন: 0345 300 3909

4A.15 বেনিফিটের সীমা

বেনিফিটের সীমা ওয়েলফেয়ার পেমেন্টের মাত্রা নির্ধারণ করে, যার কারণে একজনের বা একটি পরিবারের পক্ষে যে পরিমাণ বেনিফিট পাওয়া সম্ভব তা একটি সর্বোচ্চ পরিমাণে সীমাবদ্ধ করে দেয়:

- £500 প্রতি সপ্তাহে একাকী বাবা/মা বা দম্পতির সাথে সন্তানদের জন্য
- £350 প্রতি সপ্তাহে একাকী ব্যক্তির জন্য

আপনি সম্পূর্ণ যে বেনিফিট পাচ্ছেন তা যেন এই পরিমাণের বাহিরে না যায় তার জন্য হাউজিং বেনিফিট কমানো হবে।

এই সর্বোচ্চ মাত্রা প্রযোজ্য হবে যদি আপনি কাজ হারান এবং বেনিফিটগুলো গ্রহণ করতে থাকেন, যেমন ইনকাম সাপোর্ট, এমপ্লয়মেন্ট এবং সাপোর্ট অ্যালাউয়েন্স এবং জব সিকার অ্যালাউয়েন্স । হাউজিং বেনিফিট সর্বোচ্চ বেনিফিট প্রাপ্তির শেষ অংশে হিসেব করা হয় ফলে যারা উচ্চ ভাড়া প্রদান করেন তাদের প্রভাবিত হবার সম্ভাবনা থাকতে পারে। আপনাকে হয়তোবা এই সীমার মধ্যে অন্তর্ভুক্ত করা নাও হতে পারে যদি আপনি বা আপনার পরিবারের কোন সদস্য, কিছু সুনির্দিষ্ট বেনিফিট পায়। কিছু সুনির্দিষ্ট পরিস্থিতিতে এটি প্রযোজ্য হবে না।

4A.16 ইউকে- তে কাজ করা

আপনি আপনার বায়োমেট্রিক রেসিডেন্স কার্ড পাওয়ার পর আপনি কাজ করতে পারেন। ইউকে-তে জাতীয় ন্যূনতম মজুরির বন্দোবস্ত আছে। চেক করে দেখবেন আপনার চাকুরীদাতা ঐ রেট অনুযায়ী অর্থ দিচ্ছেন কিনা।

গুরুত্বপূর্ণ নোট: যদি আপনার মজুরি নিয়ে বিরোধ হয় বা সেখানে অবৈধ কাজ করা হয় তাহলে আপনাকে আপনার স্থানীয় সিটিজেনস অ্যাডভাইস ব্যুরো-এর সাথে যোগাযোগ করা উচিত।

সবচেয়ে কাছের অফিসের ঠিকানার তথ্য পাওয়া যাবে: www.citizensadvice.co.uk

কাজ খোঁজা

যদি আপনি কাজ খোঁজেন তবে আপনি আপনার স্থানীয় জব সেন্টার-এ যেতে পারেন সেখানে আপনি আপনার জন্য কাজের সুযোগের একটি তালিকা পাবেন। এছাড়া আপনার এলাকায় অনেক এমপ্লয়মেন্ট এজেন্সি আছে যারা কাজের খবর বিজ্ঞাপনে দিয়ে থাকে।

অনেক স্থানীয় এবং জাতীয় খবরের কাগজে কাজের খবর থাকে। মালিক সুখ্যাতিসম্পন্ন কিনা এবং তারা অন্তত ন্যূনতম মজুরি দেয় কিনা এটা জানা জরুরী।

চাকুরীর আবেদন

নিয়োগকর্তা আপনাকে একটি কাজের জন্য আবেদন করতে চুক্তির শর্ত কী হবে তা দেখবেন। বিভিন্ন উপায় আছে যে ব্যাপারে আপনাকে জিজ্ঞাসা করা হতে পারে:

1) **জীবন বৃত্তান্ত** - এটাকে আপনি 'সিভি (CV)' নামে জেনে বা দেখে থাকবেন। একজন নিয়োগকর্তা আপনার কাছে সিভি চাইতে পারেন। এখানে আপনার অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা সম্পর্কে বিবরণী দেয়া থাকবে। এতে আপনি ব্যক্তিগত তথ্য, শিক্ষা, অভিজ্ঞতা, কাজের ইতিহাস ও সেবামূলক কাজের তালিকা দিবেন। আপনার স্থানীয় জব সেন্টার এ বিষয়ে আপনাকে সাহায্য করতে পারে।

2) **কাজের আবেদনের ফর্ম** - বেশীর ভাগ নিয়োগকর্তা আপনাকে একটি কাজের আবেদনের ফর্ম পূরণ করতে বলতে পারেন। সম্ভাব্য নিয়োগকর্তাকে আপনি ফোন বা ইমেইল করতে পারেন যোগাযোগের ঠিকানা দেবার জন্য যেন তারা আপনাকে একটি আবেদন পত্রের প্যাক পাঠাতে পারেন। এতে আপনার কাজের বিষয়ে বিশদ বিবরণ থাকবে। কাজের নিয়মকানুনের বিবরণীর মধ্যে কী ধরনের দক্ষতা বা সামর্থ্য তারা খুঁজছে তা জানতে পারবেন। এটা জরুরী যে আবেদন করার সময়ে আপনি আপনার দক্ষতা ও অভিজ্ঞতার সাথে কাজের নিয়মকানুনের বিবরণী মিলিয়ে নেবেন।

3) **ইন্টারভিউ** - নিয়োগকর্তা আপনাকে বিবেচনা করার পর আপনাকে একটি ইন্টারভিউ-এর জন্য ডাকতে পারেন ঐ পদের জন্য আপনি যোগ্য কিনা সে ব্যাপারে আরও মূল্যায়ন করতে। এতে একজন লোক বা বিভিন্ন ক্ষেত্রের লোক থাকতে পারেন। তারা আপনার আবেদন পত্র, অভিজ্ঞতা, দক্ষতা এবং কেন আপনি এই কাজটি নিতে চান সে সম্পর্কে প্রশ্ন করতে পারেন। যে কোম্পানিতে কাজ করতে যাবেন তাদের সম্পর্কে

ইন্টারভিউ-এর আগে গবেষণা করে যাওয়া বুদ্ধিমানের কাজ হবে, এতে তারা আপনাকে কী কাজ করতে বলতে পারেন সে সম্পর্কে আপনার ধারণা থাকবে। কী কী প্রশ্ন করা হতে পারে এবং কী উত্তর আপনি দিবেন সে সম্পর্কে চিন্তা ভাবনা করে যাবেন।

একটি চাকরী খুঁজে পেতে সফল হয়েছেন?

আপনার সম্ভাব্য নিয়োগকর্তা কাজ শুরুর আগে কাজ করার যোগ্যতা সম্পর্কে আপনাকে প্রমাণ দেখাতে বলবেন। আপনাকে আপনার বায়োমেট্রিক রেসিডেন্স কার্ড দেখাতে হবে এটি প্রমাণ করতে। এর সাথে আপনার ন্যাশনাল ইনস্যুরেন্স নম্বর দেখাতে হবে, যদিও কাজ শুরুর আগে এটা থাকতেই হবে এমন নয়। আপনার মজুরি থেকে স্বয়ংক্রিয়ভাবে ট্যাক্স এবং ন্যাশনাল ইনস্যুরেন্স কাটা হবে। আপনার যদি একাধিক কাজ থাকে তবে আপনাকে আপনার নিয়োগকর্তা ও ট্যাক্স অফিসকে তা জানাতে হবে, তারা আপনার ট্যাক্স কোড বদলে দিবেন যেন আপনার ট্যাক্স পরিশোধ কম না হয়।

সেলফ এমপ্লয়েড / ক্ষুদ্র ব্যবসা

আপনি সেলফ এমপ্লয়েড হবার ইচ্ছা পোষণ করতে পারেন বা নিজের ক্ষুদ্র ব্যবসা শুরু করতে পারেন। অনেকেই এটি সফল ভাবে করে। এটা করার সুবিধার্থে আপনি ঋণ বা অনুদান পাবার যোগ্য হতে পারেন। আপনি এ সম্পর্কে স্থানীয় সিটিজেনস অ্যাডভাইস ব্যুরো-এর সাথে কথা বলে দেখতে পারেন কী কী সাহায্য পাওয়া যেতে পারে। আপনাকে ট্যাক্স অফিসের সাথেও কথা বলতে হবে আপনার ট্যাক্স ও ন্যাশনাল ইনস্যুরেন্স সম্পর্কে।

শিক্ষাগত যোগ্যতা স্থানান্তর

আপনার এমন শিক্ষাগত যোগ্যতা থাকতে পারে যা ইউকে-তে স্বীকৃত নয়, সেক্ষেত্রে নিম্নোক্ত সংস্থাগুলো সাহায্য করতে পারে:

এনএআরআইসি (NARIC) ফ্রি অ্যাডভাইজ:

আপনি শরণার্থী হলে আপনার শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে বিনামূল্যে পরামর্শ নিতে পারেন এই টেলিফোন নম্বরে: 0870 990 4088

4A.17 ব্রিটিশ নাগরিকত্ব পাবার অধিকার

আপনি আবেদন করার পূর্বে আপনাকে সাতটি প্রয়োজন মিটাতে হবে:

- আপনার বয়স অবশ্যই 18 বা তার বেশি হতে হবে;
- আপনাকে মানসিক ভাবে সুস্থ হতে হবে (আপনার পরিপূর্ণ ধারনা থাকতে হবে আপনি কী করছেন);
- আপনাকে ইউকে-তে বসবাস করা চালিয়ে যেতে হবে, কিংবা ক্রাউন সার্ভিস, আন্তর্জাতিক সংস্থা ইউকে যার সদস্য, বা সেবা প্রতিষ্ঠান বা সমিতি যারা ইউকে-তে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে থাকা;
- আপনাকে অবশ্যই ইংরেজি, ওয়েলস বা স্কটিশ গ্যালিক ভাষাতে গ্রহণযোগ্য মাত্রায় কথা বলতে জানতে হবে;
- আপনার ইউকে-এর জীবন ধারা সম্পর্কে যথেষ্ট জ্ঞান থাকতে হবে;

- আপনাকে সচ্চরিত্রবান হতে হবে; এবং
- আপনার বসবাসের প্রয়োজনীয়তা (নিচে দেখুন) মিটাতে সক্ষম হতে হবে।

ব্রিটিশ নাগরিকত্বের জন্য ইমিগ্রেশন সময়ের নিষেধাজ্ঞা

যখন আপনি নাগরিকত্বের জন্য আবেদন করবেন তখন আপনাকে ইমিগ্রেশন সময়ের নিষেধাজ্ঞা থেকে মুক্ত হতে হবে। আপনাকে ইমিগ্রেশন সময়ের নিষেধাজ্ঞা থেকে বেরিয়ে আসতে হবে বসবাসের যোগ্য হবার সময়ের শেষ 12 মাসে। তার অর্থ হল ইনডেফিনিট লিভ টু রিমেইন পাওয়ার 12 মাস পরে আপনি আবেদন করতে পারেন।

বসবাসের যোগ্য হবার সমস্ত সময় আপনাকে বৈধভাবে ইউকে-তে থাকতে হবে। আপনার নাগরিকত্বের আবেদন প্রত্যাখ্যান হতে পারে আপনি যদি ঐ সময়টায় ইমিগ্রেশন আইন ভঙ্গ করেন। কী নিয়ামকগুলোর কারণে আইন ভঙ্গ করা হয়েছিল তার ভিত্তিতে বসবাসের যোগ্য হবার সময়টাতে কিছু বিবেচনা প্রয়োগ করা যেতে পারে।

ইউকে-এর বাইরে থাকার সময়

আপনি এই আবেদনের পূর্বে পাঁচ বছরে 450 দিনের বেশি ইউকে-এর বাইরে থাকতে পারবেন না। এই আবেদনের পূর্বের 12 মাসের মধ্যে 90 দিনের বেশী ইউকে-এর বাইরে থাকতে পারবেন না।

আপনি যদি উপরোক্ত আবাসিক প্রয়োজনীয়তার বিষয়গুলো মিটাতে না পারেন এবং আপনি বিশ্বাস করেন যে বিশেষ পরিস্থিতির কারণে এটা হয়েছে সেক্ষেত্রে আবেদন করার সময় আপনাকে তা ব্যাখ্যা করতে হবে।

সচ্চরিত্রবান

সচ্চরিত্রের জন্য আপনাকে দেখাতে হবে যে আপনি ইউকে-এর সমস্ত আইন এবং বাধ্যবাধকতা মেনে চলেছেন।

আপনার বিরুদ্ধে কোন ফৌজদারি মামলা থাকলে আপনাকে সচ্চরিত্রবান বলা যাবে না। এতে অন্তর্ভুক্ত থাকবে জেল, জরিমানা বা কমিউনিটি সার্ভিস। আপনাকে এগুলি শেষ করার আগে নাগরিকত্ব দেয়া হবে না। (এটি একটি নির্দিষ্ট পরিমাণ সময়ের জন্য আপনার সাজা শেষ করার পরে, এবং আপনার বিষয় রেকর্ড থেকে মুছে যাবার পূর্বে।) এই সময়টি হল 3 বছর থেকে 15 বছর পর্যন্ত। হোম অফিস 4 বছর বা বেশী সময় সাজাপ্রাপ্তদের সাধারণত নাগরিকত্ব দেয় না।

শিশুদের জন্য ব্রিটিশ নাগরিকত্ব

যদি সম্প্রতি আপনাকে স্থায়ী লিভ টু রিমেইন/ স্টে (আইএলআর (ILR)) দেয়া হয় এবং আপনার যদি এমন সন্তান থাকে যারা এদেশে জন্ম গ্রহণ করেছে এর আগেই, সেক্ষেত্রে আপনি আপনার সন্তানকে ব্রিটিশ নাগরিক হিসাবে রেজিস্টার করতে পারবেন।

আপনি যদি ইনডেফিনিট লিভ টু রিমেইন/স্টে পাবার পরে সন্তান জন্ম দেন তবে আপনার সন্তান জন্ম সূত্রে ব্রিটিশ নাগরিক হবে। আরও বেশি তথ্যের জন্য দেখুন: www.gov.uk/becoming-a-british-citizen/check-if-you-can-apply

দয়া করে লক্ষ্য করুন নাগরিকত্ব অ্যাপ্লিকেশনের জন্য বিভিন্ন ধরনের ফি আছে।

4A.18 পারিবারিক পুনর্মিলন

আপনাকে যদি মানবিক নিরাপত্তা দেয়া হয় বা রিফিউজি স্ট্যাটাস পান তবে পারিবারিক পুনর্মিলনের জন্য আবেদন করার অধিকার পারেন। পারিবারিক পুনর্মিলনের অর্থ পূর্ব থেকে উপস্থিত পরিবারের সদস্যদের সাথে ইউকে-তে মিলিত হওয়া। তারা আপনার সাথে মিলিত হতে পারবে আপনার বসবাসের শর্ত অনুযায়ীই।

এতে অন্তর্ভুক্ত থাকতে পারবে: স্ত্রী, সিভিল পার্টনার এবং অবিবাহিত/সমকামী পার্টনার। এর সাথে থাকবে আপনার সন্তান যাদের বয়স 18 বছরের নিচে যারা আপনার ডিপেন্ডেন্ট ও পরিবারের অংশ ছিল যখন আপনি পালিয়ে আসেন। এতে সেই সন্তানরাও অন্তর্ভুক্ত থাকবেন যাদের আপনার পালিয়ে আসার আগেই গর্ভধারণ করা হয়েছিল।

হোম অফিস পরিবারের অন্যান্য সদস্যদের সাথে পারিবারিক পুনর্মিলনের অনুমতি দেবেন যদি সেখানে সহানুভূতিশীল কারণ থাকে যে কারণে তাদের কেসটি ইমিগ্রেশন রুলসের বাইরে বিবেচনা করা উচিত। এই ব্যাপারে আরও অধিক তথ্য পাবেন হোম অফিসের ওয়েবসাইটে:
www.gov.uk/settlement-refugee-or-humanitarian-protection/family-reunion

4A.19 ইংলিশ ক্লাস

আপনি ইংরেজিতে দক্ষতা বাড়াতে চাইতে পারেন। এটা একটি ভাল পন্থা ইউকে-এর জীবন সমাজ সম্পর্কে জানার এবং কমিউনিটির সাথে তাল মিলিয়ে চলার জন্য। আপনি হয়তো ইংরেজি শিখতে চাইতে পারেন কাজ খুঁজতে সাহায্যের জন্য, পড়াশুনা করতে পারার জন্য, দৈনন্দিন জীবনযাপনে সাহায্যের জন্য এবং সামাজিক ভাবে মেলামেশার জন্য। আপনি ইএসওএল ক্লাস করতে পারেন (অন্য ভাষায় কথা বলেন এমন লোকদের জন্য ইংলিশ (English for speakers of Other Languages))। আপনি যে কোন স্তর থেকে শুরু করতে পারেন, যেটা আপনার জন্য প্রযোজ্য হবে। আপনাকে পরীক্ষার মাধ্যমে দেখা হবে আপনি কতটা ইংরেজি জানেন এবং কোন স্তর আপনার জন্য প্রযোজ্য হবে। আপনি শিখবেন:

- ইংরেজিতে কথোপকথন
- ইংরেজিতে শোনা
- ইংরেজিতে পড়া এবং লিখা
- শব্দ ভাণ্ডার
- উচ্চারণ এবং ব্যাকরণ

ইএসওএল কোর্সে ভর্তির জন্য স্থানীয় ফারদার এডুকেশন কলেজে যোগাযোগ করতে পারেন।

সাধারণত কোর্স শুরু হয় সেপ্টেম্বর মাসে। যদি এমন কলেজ খুঁজে বের করতে সমস্যা হয়

যারা আপনার জন্য উপযুক্ত ইএসওএল কোর্স দিচ্ছে না, সেক্ষেত্রে আপনি স্থানীয় জব সেন্টার প্লাস-এ যোগাযোগ করতে পারেন।

আমাকে কি এর খরচ বহন করতে হবে?
ইংল্যান্ড

আপনি যদি জব সিকার অ্যালাউয়েন্স বা এমপ্লয়মেন্ট ভিত্তিক ইএসএ পান তবে বিনামূল্যে ইংলিশ ক্লাস করতে পারবেন।

ওয়েলস
ওয়েলস-এ ইএসওএল কোর্স বিনামূল্যে করতে পারবেন।

স্কটল্যান্ড
যার মাধ্যমে ইংলিশ ক্লাসের জন্য আপনি আর্থিক সাহায্যের জন্য আবেদন করতে পারেন:

- হাইয়ার এডুকেশন (HE)) –এ ফি এবং ছাত্রদের জন্য সাপোর্ট
- ফারদার এডুকেশন (FE))-এ ফি ওয়েভার এবং বিবেচনামূলক ছাত্রবৃত্তির জন্য সাপোর্ট

যদি আপনি কোর্সটি শুরু হওয়ার প্রথম দিন থেকেই সাধারণ বাসিন্দা হন তবে এটি করতে পারবেন।

আপনার স্ত্রী, সিভিল পার্টনার বা সন্তান যারা স্কটল্যান্ড-এর সাধারণ বাসিন্দা হওয়ার মানদণ্ড পূরণ করে তারা যোগ্য বলে বিবেচিত হবেন। আপনি একটি ইন্ডিভিজ্যুয়াল লার্নিং অ্যাকাউন্ট (Individual Learning Account) বা একটি এডুকেশন মেন্টেইন্যান্স অ্যালাউয়েন্স (Education Maintenance Allowance)-এর জন্যও আবেদন করার জন্য যোগ্য হবেন।